

ফেরেননি কুয়েট ভিসি, শিক্ষকদের অবস্থান শেষে ১ দফার হুঁশিয়ারি

খুলনা অফিস

২০ মে, ২০২৫ ১৭:৪১

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

কাউকে দায়িত্ব না দিয়েই সোমবার (১৯ মে) ক্যাম্পাস ত্যাগ করা খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) অন্তর্বর্তীকালীন উপাচার্য (ভিসি) অধ্যাপক ড. হজরত আলী ক্যাম্পাসে ফেরেননি। এদিকে, কুয়েট শিক্ষক সমিতির পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী সকাল সাড়ে ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অবস্থান কর্মসূচি পালন করেন শিক্ষকরা।

এর আগে কয়েকজন শিক্ষক নেতা ভিসির দপ্তরে রুদ্ধদ্বার বৈঠক করেন। অবস্থান কর্মসূচি শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মো. ফারুক হোসেন ও সভাপতি অধ্যাপক ড. মো. সাহিদুল ইসলাম।

তারা বলেন, ‘আগামীকাল (বুধবার) দুপুর ১টার মধ্যে কুয়েটের শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত না হলে সাধারণসভা করে কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।’

সাংবাদিকদের প্রশ্নের জবাবে শিক্ষক সমিতির নেতারা বলেন, যেহেতু কুয়েটের বর্তমান প্রশাসন বিশ্ববিদ্যালয়ের সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে ব্যর্থ সেহেতু প্রয়োজন হলে এক দফার কর্মসূচি ঘোষণা করতে বাধ্য হবে শিক্ষক সমিতি। তবে সেটি বুধবারের সাধারণ সভার পর সিদ্ধান্ত হবে বলেও সমিতির সভাপতি জানান।

অপরদিকে, প্রায় তিন মাস হতে চললেও কুয়েটের অচলাবস্থার অবসান না হয়ে বরং ক্রমেই জটিলতার দিকে যাচ্ছে বলেও জানান সংশ্লিষ্টরা।

তবে বিশ্ববিদ্যালয় প্রশাসন ৩৭ শিক্ষার্থীকে কারণ দর্শানো নোটিশ দেওয়ার পর অনেকটা থমকে গেছে শিক্ষার্থীদের আন্দোলন। তিন দফায় শিক্ষকদের কাছে খোলা চিঠি দিয়ে ক্ষমা চাওয়ার পরও শিক্ষার্থীকে শাস্তি মওকুফের কোন সিদ্ধান্ত না হওয়ায় বরং শিক্ষক সমিতির ক্লাস বর্জন কর্মসূচিতে অটল থাকায় কুয়েট ক্রমেই অচলাবস্থার দিকে যাচ্ছে।

পরিস্থিতি সামাল দিতে না পেরে অন্তর্বর্তীকালীন ভিসি সোমবার সকালে কাউকে না বলেই ঢাকায় চলে যান। এমনকি তিনি একজন সিনিয়র ডিনকে মোবাইলে বিষয়টি জানালেও অফিশিয়ালি কাউকে দায়িত্ব দিয়েও যাননি।

সে কারণে কুয়েট এখন এক প্রকার অভিভাবকহীন।

